

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
রেজিস্ট্রেশন শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website: www.bteb.gov.bd

স্মারক নং-বাকাশিবো/প্রঃ/রেজিঃ(প্রঃডি)/২০১৮/০৩/৩০

তারিখ : ১৮-১১-২০১৮ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সরকারি ও বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এর অধ্যক্ষ/পরিচালকদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রকৌশল ডিপ্লোমা শিক্ষাক্রমে ১ম পর্বে রেজিস্ট্রেশন কার্যক্রম সুসম্পন্ন করার লক্ষ্যে নিম্নের বিষয়াদি অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- যে সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের ক্ষেত্রে সমস্যা চিহ্নিত হয়েছে তাদের তালিকা ওয়েব সাইটে -

<http://btebadmission.gov.bd/reg-data.aspx> লিংকে যেয়ে প্রতিষ্ঠানের কোড দিয়ে তালিকা বাটনে Click করলে শিক্ষার্থীর List দেখা যাবে।


- তালিকার (List) Remarks- এর কলামে Blank অথবা Duplicate অথবা YES লেখা থাকলে ঐ সকল শিক্ষার্থীদের মূল মার্কসীট নিম্নে উল্লেখিত জেলা ও তারিখ অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চতুর্থ তলায় ৪১৪ নং কক্ষে নিরীক্ষার লক্ষ্যে আনায়নের জন্য বলা গেল।
- এছাড়া তালিকার Registered কলামে BTEB অথবা GEN লেখা আছে এমন সকল শিক্ষার্থীরা অন্য প্রতিষ্ঠানে এখনও রেজিস্ট্রেশনরত আছে। তাদের ২০১৮-২০১৯ সেশনে ডিপ্লোমা স্তরে রেজিস্ট্রেশন সম্পন্ন করার লক্ষ্যে পূর্বের রেজিস্ট্রেশন বাতিল করতঃ প্রমানকসহ মূল নম্বরপত্র নিম্নে উল্লেখিত জেলা ও তারিখ অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ৪র্থ তলায় ৪১৩ নম্বর কক্ষে নিরীক্ষার লক্ষ্যে আনায়নের জন্য বলা গেল।

ক্রমিক নং	জেলার নাম	তারিখ	মন্তব্য
১.	পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর	১৯-১১-২০১৮	
২.	নীলফামারী, লালমনিরহাট, রংপুর		
৩.	কুড়িগ্রাম, গাইবান্ধা, জয়পুরহাট		
৪.	বগুড়া, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ		
৫.	রাজশাহী, নাটোর		
৬.	সিরাজগঞ্জ, পাবনা, কুষ্টিয়া	২০-১১-২০১৮	
৭.	মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ		
৮.	মাগুরা, নড়াইল, যশোর		
৯.	সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট		
১০.	সিলেট বিভাগের সকল জেলা	২২-১১-২০১৮	
১১.	চট্টগ্রাম বিভাগের সকল জেলা		
১২.	বরিশাল বিভাগের সকল জেলা		
১৩.	শরিয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর		
১৪.	রাজবাড়ী, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ	২৪-১১-২০১৮	
১৫.	ঢাকা		
১৬.	নারায়নগঞ্জ, নরসিংদী, গাজীপুর		
১৭.	টাংগাইল, জামালপুর, শেরপুর		
১৮.	ময়মনসিংহ, নেত্রকোণা ও কিশোরগঞ্জ		

BTEB - তে কোন শিক্ষার্থী পূর্বেই ডিপ্লোমা বা অন্য কোন শিক্ষাক্রমে ভর্তি/রেজিস্ট্রেশন হয়ে থাকলে, সেক্ষেত্রে পূর্বের প্রতিষ্ঠানের সুপারিশসহ অত্র বোর্ডের পরিচালক (কারিকুলাম) বরাবর রেজিস্ট্রেশন/ভর্তি বাতিলের (যেখানে যা প্রযোজ্য) আবেদন করতে হবে এবং আবেদনের সংগে পুরাতন রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র ও মূল নম্বরপত্র থাকা বাঞ্ছনীয়। পুরাতন কাগজপত্র প্রদানে অপারগতায় ছাত্রের আবেদনের প্রেক্ষিতে এবং অধ্যক্ষের সুপারিশক্রমে পূর্বের ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল করা হবে। এক্ষেত্রে ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল ফি সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে প্রদান পূর্বক ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল নিশ্চিত করতে হবে।

GEN (সাধারণ শিক্ষা) তে কোন শিক্ষার্থী পূর্বের কোন শিক্ষাক্রমে ভর্তি/রেজিস্ট্রেশন হয়ে থাকলে সেক্ষেত্রে মূল নম্বরপত্র উপস্থাপনসহ ছাত্রের আবেদনের প্রেক্ষিতে বর্তমানে ভর্তিকৃত প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশসহ পরিচালক (কারিকুলাম) -এর বরাবরে আবেদন করতে হবে। আবেদনে পূর্বের কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি/রেজিস্ট্রেশন নাই উল্লেখ থাকতে হবে।

উল্লেখ্য উক্ত সময়ের মধ্যে এধরনের শিক্ষার্থীদের সমস্যা সমাধান পূর্বক নতুন করে রেজিস্ট্রেশন সম্পন্ন করে ফরম ফিলাপের সুযোগ দেয়া হবে।



১৮/১১/২০১৮

(মোঃ নিজাম উদ্দিন)

উপ-সচিব (রেজিঃ)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯১৩৩৪৮৪